



বিদেশি বিনিয়োগের মূল ভিত্তি হবে কর্মসংস্থান: মাহাদী আমিন



প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহাদী আমিন। ছবি: সংগৃহীত

বিনিয়োগবান্ধব রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলার বৃহত্তর পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহাদী আমিন। তিনি বলেন, দেশে নতুন কোনো প্রতিষ্ঠান নিবন্ধনের ক্ষেত্রে আর দুর্নীতির সুযোগ থাকবে না এবং একাধিক ট্রেড লাইসেন্সের প্রয়োজনও পড়বে না।

রোববার (১০ মে) বিকেলে নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে আসন্ন ঈদুল আজহা উপলক্ষে শিল্পাঞ্চলের সার্বিক স্থিতিশীলতা বজায় রাখা এবং শ্রমিকদের বেতন-ভাতা, বোনাস ও ছুটি নিশ্চিত করা নিয়ে আয়োজিত মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, সরকার এমন একটি সহজীকৃত প্রক্রিয়া চালু করতে চায়, যেখানে ওয়ান-স্টপ সলিউশনের মাধ্যমে সব ধরনের সেবা পাওয়া যাবে। তার মতে, বিদেশি বিনিয়োগের মূল ভিত্তি হবে কর্মসংস্থান সৃষ্টি।

এর আগে তিনি প্রধান অতিথি হিসেবে নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় অংশ নেন। সভায় জেলা প্রশাসক মো. রায়হান কবিরসহ জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।